

স্মারক নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.১৮. ১৪১৬

তারিখ: ২৬/০২/১৮

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষে ডিজিটাল প্ল্যাটফর্ম 'কৃষি বাতায়ন' এবং 'কৃষক বন্ধু ফোন সেবা'-এর উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮, বুধবার সকাল ১১টা ৩০মিনিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষে ডিজিটাল প্ল্যাটফর্ম 'কৃষি বাতায়ন' এবং 'কৃষক বন্ধু ফোন সেবা' উদ্বোধন করবেন। উক্ত ভিডিও কনফারেন্স বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। এছাড়া বাংলাদেশ বেতার রাঙ্গামাটি কেন্দ্রের এফ.এম ১০৩.২মেগাহার্জে ভিডিও কনফারেন্সটি একযোগে রীলে হবে।

- ২। ভিডিও কনফারেন্সের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস অনুবিভাগের সাথে যোগাযোগপূর্বক ভিডিও কনফারেন্স যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
- ৩। উক্ত ভিডিও কনফারেন্স প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবার্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম. ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। এছাড়া ভিডিও কনফারেন্স প্রচারকালীন বাংলাদেশ বেতার রাঙ্গামাটি কেন্দ্রের পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
- ৪। ভিডিও কনফারেন্সটি প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। এক্ষেত্রে প্রয়োজন হলে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো দুপুর ১২টা ১০মিনিটে বিরত না হয়ে ভিডিও কনফারেন্স প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৫। ভিডিও কনফারেন্স সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র-গণভবন থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত এবং জাতীয় বেতার ভবন থেকে রাঙ্গামাটি কেন্দ্রের সম্প্রচার ভবন পর্যন্ত প্রয়োজনে টেলিফোন লাইন বুক করবেন। ঢাকার টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং রাঙ্গামাটি কেন্দ্র পর্যন্ত টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রাঙ্গামাটি বহন করবেন।
- ৬। ভিডিও কনফারেন্স সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং রীলের ক্ষেত্রে আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার রাঙ্গামাটি যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৭। উক্ত ভিডিও কনফারেন্স সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ ভিডিও কনফারেন্স প্রচারের পূর্বে ঘোষণা/প্রমা প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
- ৮। ভিডিও কনফারেন্স প্রচারের ক্ষেত্রে ফিলার প্রচারে অনুমোদিত অনুষ্ঠান/গান অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
- ৯। উক্ত ভিডিও কনফারেন্স সুষ্ঠুভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তারা প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে স্ব স্ব ক্ষেত্রে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
- ১০। উক্ত ভিডিও কনফারেন্সের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১১। ভিডিও কনফারেন্স শুরুর ২ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ১২। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(নাসরুল্লাহ মো. ইরফান)
পরিচালক, অনুষ্ঠান
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৪৮১৩০৭৪।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি গুয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/রাঙ্গামাটি।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।